তারিখ ..26 JAN..2016.. ...
পৃষ্ঠা ...2... কলাম.... ...2......

সমকাল

জেএসসি পরীক্ষা

# পুনর্নিরীক্ষণের ফল শনিবার

■ সমকাল প্রতিবেদক

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার পুনর্নিরীক্ষণের ফল আগামী শনিবার প্রকাশ করা হবে। আবেদনকারীদের পরীক্ষার উত্তরপত্র যাচাই-বাছাই করে পুনর্নিরীক্ষণের ফল তৈরি করেছে শিক্ষা বোর্ডগুলো। শিক্ষা বোর্ডগুলোর সূত্রে এ তথ্য জানা গেছে।

ঢাকা শিক্ষা বোর্ড সূত্র জানায়, গত ৩১ ডিসেম্বর প্রকাশিত হয় জেএসসি পরীক্ষার ফল। সারাদেশের ২২ লাখ ৭২ হাজার ২৮৯ পরীক্ষার্থী এ পরীক্ষায় অংশ নেয়। পাস করে ২০ লাখ ৯৮ হাজার ৮২ জন। পাসের হার ছিল ৯২ দশমিক ৩৩ শতাংশ। পরীক্ষায় প্রাপ্ত ফলে অসন্তুষ্টি জানিয়ে আটটি বোর্ডে পুনরায় খাতা দেখার চ্যালেঞ্জ করে ৬৩ হাজার ৯৮৭ পরীক্ষার্থী আবেদন করে। মোট ১ লাখ ২৪ হাজার ৭৮৩টি উত্তরপত্র পুনর্নিরীক্ষার আবেদন করা হয়, যা পরীক্ষায় অংশগ্রহণ করা শিক্ষার্থীর প্রায় ৪ শতাংশ।

ঢাকা বোর্ডে ফল আপত্তিকারীর সংখ্যা সর্বোচ্চ। প্রায় ৫৪ হাজার ১৫১টি বিষয়ভিত্তিক আবেদন করেছে এ বোর্ডের পরীক্ষার্থীরা। গত ৩১ ডিসেম্বর ফল প্রকাশের পরদিন থেকে ৭ জানুয়ারি পর্যন্ত পুনর্নিরীক্ষার আবেদন নেওয়া হয়। এরপর ১৩ জানুয়ারি পর্যন্ত পুনর্নিরীক্ষণের জন্য উত্তরপত্রের তালিকা জমা নেওয়া হয়।

ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক শ্রীকান্ত কুমার চন্দ জানান, নিয়ম অনুযায়ী খাতা পুনর্মূল্যায়ন করে ৩০ দিনের মধ্যে ফল প্রকাশ করা হয়। সে অনুযায়ী আগামী ৩০ জানুয়ারির মধ্যে ফল প্রকাশ করা হবে।